



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Answer Work Sheet - 14



**Class: 3**

**Subject: Bengali Text (কিশোর)**

**Date: 18/09/2020**

১। কিশোর কবিতাটির শেষ ৮ লাইন কবির নাম সহ মুখস্ত লেখ ।

উঃ কিশোর

গোলাম মোস্তাফা

জ্ঞান গরিমা শিখব বলে কেউ বা যাব জার্মানি ,

সবার আগেই চলব মোরা আর কী কভু হার মানি ।

শিল্পকলা শিখব কেউ , গ্রন্থমালা লিখব কেউ ,

কেউ বা হব ব্যাবসাজীবী ,কেউবা বা টাটা কার্নানি ।

ভবিষ্যতের লক্ষ আশা মোদের মাঝে সন্তরে

ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে ।

আকাশ আলোর আমরা সুত , নূতন বাণীর অগ্রদূত ,

কতই কী যে করব মোরা—নাইকো তাহার অন্ত রে ।

২। কিশোর কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা কর ।

উঃ কিশোর বয়স হলো শিক্ষার বয়স , স্বপ্ন দেখার বয়স । জ্ঞান অর্জনের সাথে

সাথে ভবিষ্যতে কী করবে, কী হবে সেই স্বপ্নই তারা দেখতে থাকে । তাই কবি

বলতে চেয়েছেন যে, কিশোরেরা দেশের ভবিষ্যত নাগরিক । তারাই দেশকে উন্নতির

পথে এগিয়ে নিয়ে যাবে । কিশোর বয়সে যে স্বপ্ন তারা দেখে , যে আশা নিয়ে তারা

পড়াশোনা শেখে তার বাস্তবিক রূপায়ণ হবে ভবিষ্যতে । তাই এই কবিতার নামকরণ সার্থক হয়েছে ।

৩। 'জ্ঞান গরিমা শিখব বলে'----- জ্ঞান গরিমা শেখার জন্য কিশোরেরা কোথায় যাবার কথা ভেবেছে ? ভবিষ্যতে তারা কি করবে ?

উঃ জ্ঞান গরিমা শেখার জন্য কিশোরেরা জার্মানি যাওয়ার সংকল্প করেছে । কিশোরেরা জ্ঞান অর্জন করে ভবিষ্যতে তাদের লক্ষ্যে পৌঁছাবে । কঠোর পরিশ্রম করে তারা সুনামগরিক হয়ে দেশকে নতুন পথ দেখাবে , দেশের উন্নতি করবে । তারা আরো ভালো কাজ করে পৃথিবীতে নিজের দেশের সন্মান ও গরিমা বাড়াবে ।

৪। 'ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুর অন্তরে' ----- পংক্তিটি বুঝিয়ে দাও ?

উঃ কবিএখানে বলতে চেয়েছেন যে আজকে যে কিশোর বালক, ভবিষ্যতে সে একজন পূর্ণবয়স্ক মানুষ হবে, তাই এই কিশোর বয়সে তাদের ভবিষ্যত জীবনের লক্ষ্য নিয়ে যে স্বপ্ন দেখে , তা বড় হয়ে পূর্ণ করার চেষ্টা করবে । একজন পিতা তার সন্তানকে ভালোবাসা দিয়ে শিক্ষা দিয়ে তার স্বপ্ন পূরণ করতে সাহায্য করে ।

পিতার এই কর্তব্যপরায়নতা দেখে শিশুরাও শেখে তাদের কর্তব্য । তাই কবি বলেছেন সব শিশুর মনের মধ্যে একজন পিতা ঘুমন্ত অবস্থায় আছে ।

Manashi Chaudhuri